# সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (SNAP) এবং/অথবা সাময়িক সহায়তার (TA) চুরি হয়ে যাওয়া নগদ অর্থ সুবিধা প্রতিস্থাপন করার জন্য অনুরোধ

কার্ড স্কিমিং, কার্ড ক্লোনিং, তৃতীয় পক্ষের অসত্য উপস্থাপন অথবা এধরনের অন্যান্য প্রতারণাপূর্ণ ইলেক্ট্রনিক পদ্ধতি যেমন ফিশিং-এর মাধ্যমে চুরি হয়ে যাওয়া SNAP এবং/অথবা TA-এর নগদ অর্থ সুবিধা প্রতিস্থাপনের অনুরোধ করার জন্য এই ফরমটি অবশ্যই ব্যবহার করতে হবে।

## বিভাগ A: গৃহস্থালির তথ্য

| | | |
|---|---|---|
| কেসের নাম | | কাউন্টি |
| কেস নম্বর অথবা ক্লায়েন্ট আইডি নম্বর (CIN) | EBT কার্ডের শেষ 5টি সংখ্যা | জন্ম তারিখ |
| ঠিকানা (বাড়ি এবং অ্যাপার্টমেন্ট নম্বর সহ) | শহর, রাজ্য, জিপ | ফোন নম্বর |

## বিভাগ B: সুবিধার চুরির তথ্য

আমি, ________________________________________, উপরোক্ত মামলার জন্য পরিবারের প্রধান বা একজন প্রাপ্তবয়স্ক পরিবারের সদস্য এবং এজেন্সির প্রতিনিধিকে নিম্নলিখিতটি রিপোর্ট করতে চাই:

যে তারিখে সুবিধাগুলো চুরি হয়েছে বলে আমি জানতে পেরেছি: ______________________ (এই তারিখ অবশ্যই গত 30 দিনের মধ্যে হতে হবে, নাহলে যথাসময়ে জমা না দেওয়ার কারণে আপনার আবেদন প্রত্যাখ্যান করা হতে পারে।)

চুরি হওয়া SNAP সুবিধাগুলির মোট পরিমাণ: _________ডলার

চুরি হওয়া TA নগদ সুবিধার মোট পরিমাণ: _________ ডলার

আমার সুবিধাগুলি চুরি হওয়ার সময় আমার সাথে আমার EBT কার্ড ছিল: ☐ হ্যাঁ ☐ না

আমি রিপোর্ট করেছি যে আমার EBT কার্ড হারিয়ে গেছে বা চুরি হয়েছে: ☐ হ্যাঁ ☐ না

**অনুগ্রহ করে আপনার দ্বারা করা হয়নি এমন লেনদেনগুলি তালিকাভুক্ত করুন (প্রয়োজনে অনুগ্রহ করে অতিরিক্ত শীটগুলি সংযুক্ত করুন):**

| লেনদেনের তারিখ | কর্মসূচির ধরন (SNAP বা TA নগদ অর্থ) | লেনদেনের পরিমাণ | খুচরা বিক্রেতার নাম এবং লেনদেনের অবস্থান (ঠিকানা) |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

**অনুগ্রহ করে আপনি আমাদের জানার জন্য চুরি সম্পর্কে যে অতিরিক্ত তথ্যকে গুরুত্বপূর্ণ বলে মনে করেন তা প্রদান করুন:**

| |
|---|
| |

## বিভাগ C: প্রত্যয়ন

আমি নিম্নলিখিতগুলি বুঝতে পরি এবং সেগুলির সাথে সম্মত:

- চুরি হওয়া সুবিধাগুলির প্রতিস্থাপনের অনুরোধ করার জন্য আমাকে অবশ্যই এই ফর্মটি পূরণ করতে, স্বাক্ষর করতে এবং জমা দিতে হবে৷
- মিথ্যাচারের শাস্তির অধীনে আমি ঘোষণা করছি যে এই অনুরোধে আমি যে তথ্য প্রদান করেছি তা সত্য এবং নির্ভুল।
- এই অনুরোধের জমা দেওয়া গ্যারান্টি দেয় না যে আমার সুবিধাগুলি প্রতিস্থাপিত হবে।
- যদি আমি ইতোমধ্যে আমার চুরি যাওয়া EBT কার্ড প্রতিস্থাপন না করে থাকি, তাহলে আমার পক্ষ থেকে এটি নিষ্ক্রিয় করা হবে এবং প্রতিস্থাপন করা হবে।
- যদি আমি জেনেশুনে উপরে উল্লিখিত তথ্যগুলি সম্পর্কে ভুল তথ্য দিয়ে থাকি, তাহলে আমার বিরুদ্ধে ইচ্ছাকৃত প্রোগ্রাম লঙ্ঘনের (IPV) অভিযোগ আনা হতে পারে এবং মিথ্যাচার বা মিথ্যা তথ্য দাখিল করার জন্য জরিমানা সহ সিভিল এবং অপরাধমূলক দণ্ডের অধীন হতে পরি, কিন্তু এর মধ্যেই সীমিত নয়৷ আমি যে সুবিধাগুলি পাওয়ার যোগ্য ছিলাম না তাও আমাকে ফেরত দিতে হবে।
- আমার পরিবারের জন্য প্রতিস্থাপনের জারি অস্বীকার বা বিলম্বের প্রতিদ্বন্দ্বিতা করার জন্য আমার একটি ন্যায্য শুনানির অধিকার আছে। ন্যায্য শুনানির সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত প্রতিস্থাপনগুলি জারি করা হবে না।

________________________________________ ____________________
স্বাক্ষর তারিখ

**দ্রষ্টব্য: এই সম্পূর্ণ হওয়া এবং স্বাক্ষরিত ফর্মটি আপনার স্থানীয় জেলায় জমা দিতে হবে। এই ফর্মটি ব্যক্তিগতভাবে, ডাকযোগে বা NYDocSubmit-এর মাধ্যমে জমা দেওয়া যেতে পারে।**

## Section D: District Determination

**District Use Only**

**Replacement Approved?** ☐ Yes ☐ No

**Replacement Amount(s):** **SNAP - $**______________ **TA Cash - $**_____________

**Comments:**

**Worker Signature:** ____________________________________ **Date:** ________________

**Supervisor Signature:** __________________________________ **Date:** ________________

LDSS-5215-BE (Rev. 3/24)

# *সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (SNAP) এবং/অথবা সাময়িক সহায়তার (TA) চুরি হয়ে যাওয়া নগদ অর্থ সুবিধা প্রতিস্থাপন করার জন্য অনুরোধ সম্পন্ন করার ব্যাপারে নির্দেশনাসমূহ*

যদি আপনি অন্ধ বা গুরুতরভাবে দৃষ্টি প্রতিবন্ধী হন এবং এই ফরমটি এবং/অথবা *সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutrition Assistance Program, SNAP) এবং/অথবা সাময়িক সহায়তার (Temporary Assistance, TA) চুরি হয়ে যাওয়া নগদ অর্থ সুবিধা প্রতিস্থাপন করার জন্য অনুরোধের* আবেদনপত্রটি বিকল্প কোনো ফরম্যাটে পাওয়ার প্রয়োজন হয়, তাহলে আপনি আপনার স্থানীয় সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টের (ডিস্ট্রিক্ট) কাছে সেগুলো পাওয়ার জন্য অনুরোধ করতে পারেন। নিম্নলিখিত বিকল্প বিন্যাসগুলি উপলব্ধ:

- বড় মুদ্রণ;
- ডেটা ফরম্যাট (একটি স্ক্রিন রিডার-অ্যাক্সেসযোগ্য ইলেকট্রনিক ফাইল);
- অডিও ফরম্যাট (নির্দেশাবলী বা আবেদন/পুনঃপ্রত্যয়নের প্রশ্নগুলির একটি অডিও ট্রান্সক্রিপশন);
- ব্রেইল, যদি আপনি দাবি জোর দিয়ে বলেন যে উপরের বিকল্প ফরম্যাটের কোনটিই আপনার জন্য সমানভাবে কার্যকর হবে না।

আপনার যদি অন্য বন্দোবস্তের প্রয়োজন হয়, অনুগ্রহ করে আপনার সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টের সাথে যোগাযোগ করুন।

## সাধারণ

*সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (SNAP) এবং/অথবা সাময়িক সহায়তার (TA) চুরি হয়ে যাওয়া নগদ অর্থ সুবিধা প্রতিস্থাপন করার জন্য অনুরোধের* আবেদনপত্রটি সেই পরিবারকে সম্পন্ন করতে হবে যারা স্ক্যামের মাধ্যমে সুবিধা চুরির সম্মুখীন হয়েছেন। স্ক্যাম-সম্পর্কিত সুবিধার চুরি তখনই ঘটে যখন সম্পূরক পুষ্টি সংক্রান্ত সহায়তার প্রোগ্রাম (SNAP) এবং/অথবা অস্থায়ী সহায়তার (TA) নগদ ভাতাগুলি ইলেকট্রনিক উপায়ে যেমন EBT কার্ড স্কিমিং, ক্লোনিং, তৃতীয় পক্ষের অসৎ উপস্থাপনা, বা ফিশিংয়ের মতো অন্যান্য অনুরূপ প্রতারণামূলক পদ্ধতির মাধ্যমে চুরি করা হয়।

প্রতিটি বিভাগ আপনাকে অবশ্যই যথাসম্ভব সম্পূর্ণভাবে এবং নির্ভুলভাবে পূরণ করতে হবে এবং এটি জমা দেওয়ার আগে তারিখ লিখে স্বাক্ষর করতে হবে। সুবিধাগুলো প্রতিস্থাপনের জন্য উপযুক্ত বিবেচিত হওয়ার জন্য, আপনি যে তারিখে আপনার সুবিধাগুলো চুরি হওয়ার কথা জানতে পেরেছেন সেই তারিখ থেকে **ত্রিশ (30) দিনের মধ্যে** আপনাকে অবশ্যই এই আবেদন জমা দিতে হবে। 30 দিন পরে আপনি সুবিধাগুলো প্রতিস্থাপনের জন্য আর উপযুক্ত বিবেচিত হবেন না।

## বিভাগ A: গৃহস্থালির তথ্য

এই বিভাগটি আপনার পারিবারিক পরিস্থিতির মৌলিক জনসংখ্যাতাত্ত্বিক তথ্য সংগ্রহ করে।

## বিভাগ B: সুবিধার চুরির তথ্য

এই সেকশনে SNAP এবং/অথবা TA নগদ অর্থ সুবিধা চুরি হওয়া সম্পর্কে এবং আপনার সুবিধাগুলো চুরি হওয়ার সময়ে আপনার কাছে যে EBT কার্ড ছিল সেটি সম্পর্কে সুনির্দিষ্ট কিছু তথ্য সংগ্রহ করা হবে।

অনুগ্রহ করে নোট করবেন, আপনি যদি আপনার EBT কার্ড হারিয়ে গেছে বা চুরি গেছে বলে রিপোর্ট না করেন এবং আপনার ভাতা চুরি যাওয়ার পর থেকে এখনও পর্যন্ত একটি নতুন EBT কার্ডের অনুরোধ না করেন, তাহলে আপনার SNAP বা TA অ্যাকাউন্ট এখনও ঝুঁকিতে থাকতে পারে। আপনার আপোষ হওয়া EBT কার্ড হারিয়ে যাওয়া বা চুরি যাওয়া আপনি রিপোর্ট না করা পর্যন্ত কোনো প্রতিস্থাপন ভাতা ইস্যু নাও করা হতে পারে। আপনার কার্ড চুরি রিপোর্ট করতে, একটি নতুন কার্ডের অনুরোধ করতে এবং আপনার পিন পরিবর্তন করতে, অনুগ্রহ করে 888-328-6399 নম্বরে EBT গ্রাহক পরিষেবায় কল করুন, বা https://www.connectebt.com/-এ যান।

যদি আপনার চুরি হয়ে যাওয়া কার্ড আবেদন করার আগে নিষ্ক্রিয় করা না হয়ে থাকে, তাহলে আপনার পক্ষ থেকে সেটি নিষ্ক্রিয় করা হবে এবং আবেদন পর্যালোচনা প্রক্রিয়া চলাকালীন সময়ে আপনাকে একটি রিপ্লেসমেন্ট কার্ড পাঠানো হবে। এর ফলে আপনি যোগ্য হলে আপনার প্রতিস্থাপন সুবিধা পাওয়া বিলম্বিত হতে পারে।

### লেনদেনসমূহ

আপনি যে SNAP বা TA লেনদেনগুলি করেননি, সেগুলি একটি আলাদা লাইনে তালিকাবদ্ধ করুন, এমনকি একই তারিখে বা একই রিটেলারের থেকে হওয়া ক্রয়গুলির জন্যও। আরো লাইন প্রয়োজন হলে, অনুগ্রহ করে প্রয়োজন মত আরো পাতা সংযুক্ত করুন। https://www.connectebt.com/-এ আপনার EBT ইতিহাস পরীক্ষা করে বা ConnectEBT মোবাইল অ্যাপ (Apple App Store এবং Google Play Store-এ ডাউনলোডের জন্য উপলভ্য) ডাউনলোড করে আপনি এই তথ্য খুঁজতে এবং দেখতে পারবেন। তা না হলে, 1-888-328-6399 নম্বরে টোল ফ্রি EBT গ্রাহক পরিষেবার হেল্পলাইনে কল করেও আপনি এই তথ্য পেতে পারেন। এই তথ্য পেতে আপনি হেল্পলাইন ব্যবহার করতে পারেন:

- স্বয়ংক্রিয় মেনুতে আপনার শেষ দশটি লেনদেন শুনুন।
- স্বয়ংক্রিয় মেনুতে বা একজন গ্রাহক পরিষেবা প্রতিনিধিকে, আপনার অ্যাকাউন্টের ইতিহাসের 2-মাসের স্টেটমেন্টের প্রিন্ট দেওয়ার অনুরোধ করুন।
- একজন গ্রাহক পরিষেবা প্রতিনিধির সাথে আপনার লেনদেনগুলি পর্যালোচনা করুন।

### অতিরিক্ত তথ্য

আপনার ডিস্ট্রিক্টকে জানানোর জন্য, চুরি সম্পর্কে যে অতিরিক্ত তথ্য আপনার কাছে গুরুত্বপূর্ণ বলে মনে হয়, অনুগ্রহ করে তা প্রিন্ট করুন। উদাহরণস্বরূপ, আপনি যদি মনে করেন যে কীভাবে আপনার অ্যাকাউন্ট আপোষ করা হয়েছে তা আপনি জানেন, তাহলে এখানে তা সবিস্তারে লিখুন।

## বিভাগ C: প্রত্যয়ন

অনুগ্রহ করে প্রত্যয়ন বা সার্টিফিকেশন বিভাগটি মন দিয়ে পড়ুন। আপনি প্রত্যয়ন বা সার্টিফিকেশনের শর্তাবলীতে সম্মত হলে, অনুগ্রহ করে আবেদনপত্রটিতে স্বাক্ষর করুন ও তারিখ দিন। অনুরোধটি প্রক্রিয়া করার জন্য আপনার স্বাক্ষর ও তারিখ আবশ্যক।

## বিভাগ D: ডিস্ট্রিক্টের নির্ধারণ

আবেদনপত্রের বাকি অংশটি ডিস্ট্রিক্টের ব্যবহারের জন্য। শুধুমাত্র ডিস্ট্রিক্টের ব্যবহারের জন্য অংশে লিখবেন **না**। আবেদনের কোনো বিভাগের জন্য অতিরিক্ত জায়গার প্রয়োজন হলে, অনুগ্রহ করে অতিরিক্ত বিবরণের সাথে একটি আলাদা পাতা সংযুক্ত করুন।

## প্রতিস্থাপন ভাতার যোগ্যতা এবং গণনা

EBT কার্ড স্কিমিং, ক্লোনিং, তৃতীয় পক্ষের অসৎ উপস্থাপনা, বা ফিশিংয়ের মতো অন্যান্য অনুরূপ প্রতারণামূলক পদ্ধতির মতো ইলেকট্রনিক উপায়গুলির মাধ্যমে আপনার ভাতা চুরি গেছে বলে নির্ধারিত হলে, একটি প্রতিস্থাপন ভাতা পাওয়ার যোগ্য হতে আপনার একটি সক্রিয় SNAP অথবা TA কেস না থাকলেও চলবে। একটি প্রতিস্থাপন ভাতার উপলভ্যতা, চুরি যাওয়া ভাতার ধরনের ওপর নির্ভর করে।

### TA

TA নগদ অর্থ সুবিধা প্রতিস্থাপন শুধু সেসব পরিবারের মধ্যে সীমাবদ্ধ থাকবে যারা **1 জানুয়ারী, 2022 তারিখে বা তার পরে** স্ক্যামের মাধ্যমে TA নগদ অর্থ সুবিধা চুরির সম্মুখীন হয়েছেন। 1 জানুয়ারি, 2022 তারিখ থেকে 30 সেপ্টেম্বর, 2022 তারিখ পর্যন্ত সময়কালের জন্য পরিবারগুলোর TA নগদ অর্থ সুবিধা দুই (2) বারের বেশি প্রতিস্থাপন করা হবে না। তারপরে, একটি ফেডারেল অর্থবছরে (1 অক্টোবর, 2022 তারিখ থেকে 30 সেপ্টেম্বর, 2023 তারিখ পর্যন্ত, এবং 1 অক্টোবর, 2023 তারিখ থেকে 30 সেপ্টেম্বর, 2024 তারিখ পর্যন্ত) পরিবারগুলোর TA নগদ অর্থ সুবিধা দুই (2) বারের বেশি প্রতিস্থাপন করা হবে না। 30 সেপ্টেম্বর, 2024 তারিখের পরে, একটি ফেডারেল অর্থবছরে পরিবারগুলো মাত্র এক (1) বার TA নগদ অর্থ সুবিধা প্রতিস্থাপনের জন্য উপযুক্ত হবে।

### SNAP

**অক্টোবর 1, 2022-এ বা তার পর থেকে সেপ্টেম্বর 30, 2024 পর্যন্ত,** যে পরিবারগুলির SNAP নগদ ভাতার স্ক্যাম-সম্পর্কিত চুরির অভিজ্ঞতা হয়েছে, প্রতিস্থাপন SNAP ভাতাগুলি শুধুমাত্র সেই সমস্ত পরিবারগুলিকেই ইস্যু করা হবে। একটি যুক্তরাষ্ট্রীয় আর্থিক বছরে (অক্টোবর 1, 2022 থেকে সেপ্টেম্বর 30, 2023 এবং অক্টোবর 1, 2023 থেকে সেপ্টেম্বর 30, 2024) পরিবারগুলি দুটির (2) বেশি SNAPপ্রতিস্থাপন ভাতা নাও পেতে পারে।

উভয় ধরনের ভাতার ক্ষেত্রে, আপনি যে প্রতিস্থাপন ভাতা পাওয়ার যোগ্য তার পরিমাণ, আপনার চুরি যাওয়া SNAP বা TA ভাতার পরিমাণ, অথবা আপনার ভাতা চুরি যাওয়ার আগের সাম্প্রতিক সম্পূর্ণ মাসে আপনি SNAP বা TA ভাতার জন্য যে নগদ অর্থ পেয়েছেন সেই SNAP বা TA ভাতার দ্বিগুণ (2) অর্থের পরিমাণের সমান, **এই দুয়ের মধ্যে যেটি কম।**

## জমা করার নির্দেশাবলী

যে সমস্ত পরিবার নিউ ইয়র্ক সিটির বাইরে বসবাস করেন, তাদের ক্ষেত্রে, এই আবেদনপত্রটি আপনার স্থানীয় ডিস্ট্রিক্ট অফিসে নিজে গিয়ে, ডাকযোগে বা NYDocSubmit এর মাধ্যমে মোবাইল আপলোড করে জমা দিতে হবে।

- **ডাকযোগে/নিজে গিয়ে:** আপনার স্থানীয় ডিস্ট্রিক্টের ঠিকানা এবং যোগাযোগের তথ্য খোঁজার জন্য আপনি আমাদের ওয়েবসাইট: https://otda.ny.gov/workingfamilies/dss.asp দেখতে পারেন বা টোল-ফ্রি OTDA হটলাইন: 1-800-342-3009-এ কল করতে পারেন।
- **মোবাইল আপলোড:** আবেদনপত্রটির একটি ছবি তুলে আপনার ডিস্ট্রিক্টে আবেদনপত্রটি আপলোড করে এবং আপনার মোবাইল ডিভাইসের মাধ্যমে ছবিগুলি জমা করতে আপনি NYDocSubmit মোবাইল অ্যাপটি ব্যবহার করতে পারেন। আরো বিস্তারিত তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখুন: https://otda.ny.gov/programs/nydocsubmit/।

নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী পরিবারগুলির জন্য:

- **অনলাইনে আবেদন করুন**: আপনার ACCESS HRA অ্যাকাউন্টে লগইন করুন অথবা https://www.nyc.gov/site/hra/help/benefitreplacement.page ওয়েবসাইট ভিজিট করুন
    - **অনলাইনে আবেদন করা আবেদন করার দ্রুততম, সহজতম উপায়!**
- **ডাকযোগে:** একটি সম্পূর্ণ করা আবেদনের হার্ড কপি আপনি এখানে ডাকযোগে পাঠাতে পারেন:
    - PO Box 29006 Brooklyn, NY 11202।
- **নিজে গিয়ে:** আপনি যে কোনো বেনিফিট অ্যাক্সেস (Benefits Access) বা SNAP সেন্টারে যেতে পারেন। NYC.gov (https://www.nyc.gov/site/hra/locations/locations.page)-এ আপনি একটি সেন্টার খুঁজে পাবেন